150 Rs.

INDIA NON JUDICIAL

१५० रु. Rs150

भारत

एक सौ पचास रुपया ONE HUNDRED & FIFTY RUPEES

WEST BENGAL

admissible under rule 21 the stamp ... exempt from ... does not require stamp duty under the Indian Stamp Act, 1899, Schedule I No. 55A Schedule I A No. ____ Fee paid ____

₹121.50
1.50
123.00

Jt. Sub-Registrar of Alipore At Behala
21/1/83

ডিড অব সেটেলমেন্ট বা
পারিবারিক বন্দোবস্ত পত্র।

সেটেলার বা ট্রাস্টি – শ্রীমতী দুর্গারাণী ঘোষ স্বামী শ্রী বলাই চন্দ্র ঘোষ সাং ৭৩/৩ সাহাপুর মেন রোড থানা বেহালা কলিকাতা ৩৮, জেলা ২৪ পরগণা, জাতি হিন্দু, পেশা বিষয় ভোগী ও গৃহস্থালী।

বেনিফিসিয়ারী পক্ষ –
১। শ্রী বলাই চন্দ্র ঘোষ পিতা মৃত নন্দলাল ঘোষ
২। শ্রী দিলীপ কুমার ঘোষ পিতা শ্রী বলাই চন্দ্র ঘোষ
৩। শ্রী সুশান্ত কুমার ঘোষ পিতা শ্রী বলাই চন্দ্র ঘোষ
৪। শ্রী প্রশান্ত কুমার ঘোষ পিতা শ্রী বলাই চন্দ্র ঘোষ
সকলের জাতি হিন্দু, পেশা ১নং ও ২নং চাকুরী ৩/৪ নং ছাত্র। সর্ব সাং ৭৩/৩ সাহাপুর মেন রোড থানা বেহালা, কলিকাতা ৩৮, জেলা ২৪ পরগণা।

3821(3/
Sri ... Ghosh
73/3. ... Mai ...
Behala, Cal.
150
26/8/75

3821(3/4268.75 – 150
150
60
– 360

Presented for Registration
at 12/50 P m, on the 2nd
day of Sept 1975.
At the Jt. Sub Registrar
of Alipore at Behala.
by Durga ram Ghosh
Executant/Claimant/Attorney

Jt. Sub-Registrar of
Alipore At Behala
21/7/73

- দুর্গারামঘোষ

Executant Claims
Durga ram Ghosh
son of Balai Chandra Ghosh
78/8 Sahapur main Road
Thana Behala
District 24 Pgs
by Caste Hindu
by profession Wages

Nimai Chandra Ghosh
son of Balai Chandra Ghosh
73/3 Sahapur main Road
Thana Behala
District 24 Pgs
by Caste Hindu
by profession Service

Jt. Sub-Registrar of
Alipore At Behala
21/7/73



567

দুর্গারামঘোষ

Nemai Ch. Ghosh

150 Rs.

INDIA NON JUDICIAL

१५०रु. Rs150

भारत

एक सौ पचास रूपया ONE HUNDRED & FIFTY RUPEES



অত্র ডিড অব সেটেলমেন্ট বা পারিবারিক বাক্সা পত্র মিদং কার্য্যঞ্চাগে –
জেলা ২৪ পরগণা থানা বেহালা, সাবরেজেষ্ট্রী আলিপুর জয়েন্ট বেহালা ,
পরগণা মাগুরা আলিপুর কালেক্টারীর ৯৩।১০১ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং
১৭৯ জেঃ এলঃ নং ৮ মৌজা সাহাপুর গ্রামের বর্ত্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য
সরকার পক্ষে ২৪ পরগণা কালেক্টার বাহাদুর অধিন কৃপারাম চট্টোপাধ্যায়
নামীয় ৪৴০ চার বিঘা নিস্কর ব্রহ্মোত্তর সম্পত্তি হইতেছে । পর পর খরিদ ও
ওয়ারিশ সূত্রে উক্ত জমির সর্ব্বাংশ সাহাপুর নিবাসী কৃষ্ণধন মুখার্জ্জি প্রাপ্ত হয়েন ।
তৎপর তিনি গত ২৩।২।১৪ই তারিখে তাহার যক্তিক সর্ব্বাংশ সাহাপুর নিবাসী
সুরেন্দ্র নাথ মণ্ডল কে বিক্রয় করিয়া নিঃস্বত্ব হয়েন । তৎপর উক্ত সুরেন্দ্র নাথ
মণ্ডল উক্ত সম্পত্তি সাহাপুর নিবাসী ভরত চন্দ্র দাস ও নরেন্দ্র নাথ মণ্ডলকে

150 Rs.

INDIA NON JUDICIAL

१५०रु. Rs150

भारत

एक सौ पचास रुपया ONE HUNDRED & FIFTY RUPEES

।২।

কস্য উক্ত সব সেটেলমেন্ট বা পারিবারিক বাক্সা পত্র সিদং কার্য্যাকালে –

জেলা ২৪ পরগণা থানা বেহালা, সাবরেজেস্ট্রী আলিপুর জয়েন্ট বেহালা , পরগণা মাগুরা আলিপুর কালেক্টারীর ৯৩।১০১ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ১৭৯ জেঃ এলঃ নং ৮ মৌজা সাহাপুর গ্রামের বর্ত্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেক্টার বাহাদুর অধিন কৃপারাম চট্টোপাধ্যায় নামীয় ৪৵০ চার বিঘা নিস্কর ব্রহ্মোত্তর সম্পত্তি হইতেছে। পর পর খরিদ ও ওয়ারিশ সূত্রে উক্ত জমির সর্ব্বাংশ সাহাপুর নিবাসী কৃষ্ণধন মুখার্জ্জি প্রাপ্ত হয়েন। তৎপর তিনি গত ২৩।২।১৪ই তারিখে তাহার অবিভক্ত সর্ব্বাংশ সাহাপুর নিবাসী সুরেন্দ্র নাথ মণ্ডল কে বিক্রয় করিয়া নিঃস্বত্ব হয়েন। তৎপর উক্ত সুরেন্দ্র নাথ মণ্ডল উক্ত সম্পত্তি সাহাপুর নিবাসী ভরত চন্দ্র দাস ও নরেন্দ্র নাথ মণ্ডলকে






মূল্যাংশে বিক্রয় করিয়া উক্ত জমি জমা হইতে চিরতরে নিঃস্বত্ব হয়েন। তৎপর উক্ত নরেন্দ্র নাথ মণ্ডল তাহার খরিদা অংশ ১২।৬।১৭ই তারিখে ৮০ নং এস.এন চ্যাটার্জ্জি রোড নিবাসী গোষ্ট বিহারী বসু বিশ্বাস মহাশয়কে বিক্রয় করেন। পরে উক্ত ভরত চন্দ্র দাসও তাহার খরিদা অংশ উক্ত গোষ্ট বিহারী বসু বিশ্বাস মহাশয়কে বিক্রয় করিয়া নিঃস্বত্ব হয়েন। তৎপর উক্ত গোষ্ট বিহারী বসু বিশ্বাস উক্ত জমি এজমালে ভোগ দখল করা অসুবিধা হওয়া মনে করিয়া উক্ত জমির অপর অর্দ্ধাংশের মালিকের সহিত বিগত ইং ৩১।৩।১৯২২ তারিখে এক কেতা রেজেষ্ট্রী কৃত আপোষ বন্টন নামা দলিল দ্বারা চিহ্নিত মতে বিভাগ বন্টন করিয়া লয়েন। সেমতে উক্ত ৪৴০ চার বিঘা জমি - পরিমাপানুে ৩৸০।৶১৮ তিন বিঘা পনের কাঠা ছয় ছটাক আঠার বর্গফুট জমি হওয়ায় উক্ত জমি জমা মধ্যে ১৸৪৶৯ এক বিঘা উনিশ কাঠা দুই ছটাক নয় বর্গ ফুট জমি তাহার নিজাংশে প্রাপ্ত হইয়া ভোগ দখল করিতে থাকা অবস্থায় তাহার দুই পুত্র ১। রামচন্দ্র বসু বিশ্বাস ২। নিস্তারণ বসু বিশ্বাস ও একমাত্র স্ত্রী নির্ম্মলা বসু বিশ্বাসকে ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করেন। তৎপর উক্ত রামচন্দ্র বসু

বিশ্বাস দিং তাহাদের প্রাপ্ত ওয়ারিশী সূত্রে প্রাপ্ত সম্পত্তি এজমালিতে ভোগ দখল করার অসুবিধা বিধায় তাহারা ইং ২৭।১।৫৩ তারিখে উক্ত ১৫৪৩৯ বর্গফুট জমি ও অপরাপর সম্পত্তি সহ এক কেতা আপোষ বন্টন নামা দলিল মূলে চিহ্নিত মতে বিভাগ বন্টন করিয়া লয়েন। উক্ত রেজেস্ট্রী কৃত বিভাগ বন্টন নামা দলিল মূলে উক্ত রামচন্দ্র বসু বিশ্বাস তাহার নিজাংশে আপোষ চিহ্নিত মতে উক্ত জমির দক্ষিনাংশে ১।৯।১১।৶২৩ একবিঘা নয়কাঠা এগার ছটাক তেইশ বর্গ ফুট জমি মায় আকর আওলাতাদি সহ প্রাপ্ত হইয়া উহা চিহ্নিত মতে ভোগ দখল করিতে থাকা অবস্থায় তাহার টাকার প্রয়োজন হওয়ায় উক্ত উপরি বর্ণিত বন্টন নামা মূলে প্রাপ্ত সম্পত্তির অন্দরে উত্তর পশ্চিম কোনে ও নক্সায় বা প্ল্যানে প্রদর্শিত মাপ যুক্ত ৶৩ তিন কাঠা বা .০৫ শতক জমি তৎকালীন উচিত মূল্যে বিগত ইং ১৯৫৩ সালে বেহালা সাবরেজেস্ট্রী অফিসে রেজেস্ট্রী কৃত ১নং বহির ৭নং ভলুমের ২৫৬ হইতে ২৫৯ নং পাতায় লিখিত ২৯৪ নং এক কেতা সাফ কোবালা দলিল মূলে আমি অত্র দলিলের সেটেলর বা ট্রাস্টি আমাকে বিক্রয় করিয়া উক্ত জমি জমাতে আমাকে খাস দখল প্রদান করেন। উক্ত সম্পত্তি আমি আমার নিজ স্ত্রীধন ও যৌতুক প্রাপ্ত অর্থ দ্বারা খরিদ করিয়া তাহাতে এযাবত কাল ভোগ দখল করিয়া আসিতেছি এবং উক্ত আমার খরিদা জমির উপরিস্থিত নিজ স্বার্থে ও অর্থে উক্ত জমির প্রভূত উন্নতি সাধন করিয়া উহাতে দ্বিতল ইমারত বাটী নির্ম্মান করিয়া পায়খানা বাথরুম ইত্যাদি প্রস্তুতে মালিক পশ্চিম বঙ্গ সরকারের ও সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটিতে নিজ নাম পত্তন করিয়া ট্যাক্স আদি আদায়ে উহাতে বসবাস আদি দ্বারা ভোগবান ও দখলিকার হইতেছি ও আছি

উক্ত আমার খরিদা সম্পত্তি হাল সেটেলমেন্ট জরিপে রায়ত দখলি নিস্কর স্বত্ব রূপে ৫৪ নং খতিয়ানে ২০৪৩ নং দাগের .০৫৩ শতক জমি উল্লেখে আমার নামে শুদ্ধ মতে রেকর্ড হইয়া প্রকাশিত ও প্রচারিত হইয়াছে এবং সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটির ৭৩।৩ নং সাহাপুর মেন রোড প্রেমিসেস ভুক্ত হইতেছে ।

আমি অত্র দলিলের সেটলার বা ট্রাস্টি আমার বর্ত্তমানে বয়স অধিক হইয়াছে এবং ভগবানের কৃপায় আমার ৫ পাঁচ পুত্র ও এক কন্যা ও আমার স্বামী বর্ত্তমানে সকলে জীবিতাবস্থায় আছে ।

আমার জ্যেষ্ঠ পুত্র শ্রীমান অরুণ কুমার ঘোষ বর্ত্তমানে ব্যবসা করে এবং সে তাহার নিজ নামে অন্যত্র বসবাস উপযোগী জমি খরিদ করিয়াছে । এজন্য তাহাকে এই সম্পত্তির অন্য কোন কিছু দেওয়ার প্রয়োজন বোধ করিলাম না বা দিলাম না বা কোন ব্যবস্থা করিলাম না । সে জীবনে সুপ্রতিষ্ঠিত । আমি তাহার মতামত লইয়াছি এবং সে সরলচিত্তে স্বেচ্ছায় এই দলিলের অনুমতি - দিয়াছে এবং তাহার জ্ঞাতসারে এই দলিল হইতেছে ।

আমার মধ্যম পুত্র শ্রীমান নিমাই চন্দ্র ঘোষ , বর্ত্তমানে ভাল চাকুরী করে এবং তাহার জন্য তাহার পিতা অর্থাৎ আমার স্বামী তাহার অর্জিত সম্পত্তি অদ্য তারিখে এক কেতা দানপত্র দলিল মূলে তাহাকে নিঃস্বত্ত্বে দান করিয়াছে । সেজন্য তাহাকে অত্র দলিল মূলে কোন ব্যবস্থা করিলাম না বা দিলাম না এবং সেও এই দলিলের বিষয় বস্তু অবগত আছে এবং তাহার জ্ঞাতসারে হইতেছে এবং সে অনুমতি দিয়াছে ।

আমার একমাত্র কন্যা শ্রীমতী নমিতা ঘোষ কে বহু অর্থ ব্যয়ে তাহাকে সৎপাত্রে বিবাহ দিয়াছি তাহার কোন অভাব অভিযোগ নাই এবং সে স্বামী সহ সুখে শান্তি তে স্বামীগৃহে বসবাস করিতেছে। সেজন্য অত্র দলিল ভুক্ত কোন সম্পত্তির জন্য কোন ব্যবস্থা তাহার জন্য করিলাম না বা দিলাম না।

অত্র সেটেলমেন্ট বা পারিবারিক ব্যবস্থা পত্র দলিলের লিখিত সম্পত্তি আমি আমার নিজ অর্থে ও স্বার্থে খরিদ করিয়া ও তাহাতে গৃহাদি নির্মানে অত্র দলিলের বেনিফিসিয়ারী পক্ষগণ সহ বসবাস করিতেছি। কিন্তু মানুষের জীবন অনিত্য আমার লোকান্তরে অত্র সম্পত্তি লইয়া যাহাতে কোন বিবাদ বিসম্বাদ উপস্থিত না হয় সেকারণ আমি অত্র দলিল মূলে এই ব্যবস্থা করিতেছি যে - আমি অত্র দলিলের সেটলার বা ট্রাস্টি আমি যতদিন জীবিত থাকিব ততদিন অত্র দলিলের বর্ণিত সম্পত্তি ট্রাস্টি রূপে ভোগ দখল করিব ও আয় উপস্বত্বাদি ভোগ দখল করিব কিন্তু কোন প্রকার হস্তান্তর করিতে পারিব না। যদি আমার মৃত্যুর পর আমার স্বামী ১নং বেনিফিসিয়ারী পক্ষ জীবিত থাকেন তবে তিনি আমার স্থলে ট্রাস্টি নিযুক্ত হইয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি ট্রাস্টি রূপে পরিচালনা ও ভোগ দখল করিতে ও আয় উপস্বত্বাদি ভোগ দখল করিতে পারিবেন কিন্তু কোন প্রকার এই দলিলের তপশীল লিখিত সম্পত্তি বা গৃহাদির কোন কিছুই তিনি হস্তান্তর অবস্থান্তর করিতে পারিবেন না। আমার স্বামী অর্থাৎ ১নং - বেনিফিসিয়ারী পক্ষের মৃত্যুর পর আমার তিন পুত্র অর্থাৎ অত্র দলিলের ২।৩।৪ নং বেনিফিসিয়ারী পক্ষগণ অত্র দলিলের বর্ণিত সমুদয় সম্পত্তি উক্ত তিন ভ্রাতা

সমান অংশে প্রাপ্ত হইয়া তাহারা এজমালে বা আলাহিদা ভাবে পুত্র পৌত্রাদি ওয়ারিশানগণ ক্রমে দান বিক্রয় বন্ধকাদি সর্ব্ব প্রকার হস্তান্তর স্থানান্তর ও অবস্থান্তর করিবার অধিকার যুক্তে যদিচ্ছামত ব্যবহারে চিরকালের জন্য নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে পারিবে।

কিন্তু যদি আমার মৃত্যুর পূর্ব্বে আমার স্বামী অর্থাৎ ১নং বেনিফিসিয়ারী পক্ষের মৃত্যু হয় তাহা হইলে আমার মৃত্যুর পরই আমার উপরোক্ত তিন পুত্র অর্থাৎ ২।৩।৪ নং বেনিফিসিয়ারী পক্ষগণ উপরোক্ত মতে অত্র দলিল বর্ণিত সম্পত্তি প্রাপ্ত হইয়া অন্যের বিনাংশে ও নির্ব্বিবাদে উপরোক্ত মতে প্রাপ্ত হইয়া ভোগ দখল ও সর্ব প্রকার হস্তান্তর স্থানান্তর ও অবস্থান্তর করিতে পারিবে। তাহাতে আমার অপর পুত্র কন্যা গণের কাহারও কোনও প্রকার ওজর আপত্তি থাকিবে না বা করিতে পারিবে না করিলেও তাহা অগ্রাহ্য হইবে।

অত্র দলিলের ব্যবস্থাকৃত নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি ও গৃহাদি আমি ইতি পূর্ব্বে অন্য কোন স্থানে কোন প্রকার হস্তান্তর করি নাই বা কোন দায় সংযোগ করি নাই। উহা সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ অবস্থায় অত্র দলিল মূলে এই ব্যবস্থা করিলাম। সেটেলকৃত অত্র দলিলের লিখিত সম্পত্তি ও গৃহাদির মূল্য ২০০০০, কিং হাজার টাকা হইতেছে এবং সেই মর্ম্মে উপযুক্ত ষ্ট্যাম্প প্রদান করিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরলমনে অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় অত্র লিখাইয়া পাঠ করিয়া ও করাইয়া ইহার মর্ম্ম সম্যক অবগত হইয়া ও বুঝিয়া স্বেচ্ছায় অত্র ডিড অব সেটেলমেন্ট বা পারিবার ব্যবস্থা পত্র দলিল সহি সম্পাদন করিয়া রেজেষ্ট্রী করাইলাম। ইতি সন ১৯৭৫ সালের ২৫শে সেপ্টেম্বর বাংলা ১৩৮২ সালের [illegible]

সর্বকারিণী

তপশীল সম্পত্তির পরিচয় -

জেলা ২৪ পরগণা থানা বেহালা সাবরেজেষ্ট্রী আলিপুর জয়েন্ট বেহালা পরগণা মাগুরা কালেক্টারীর ৯৩, ১০১ নং তৌজি ভুক্ত সাউথ সুবারবান মিউনিশিপ্যালিটির অন্তর্গত রেঃ সাঃ নং ১৭৯ জেঃ এলঃ নং ৮ মৌজা সাহাপুর গ্রামের বর্ত্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগণা কালেক্টার বাহাদুর অধিন রায়ত দখলি নিস্কর স্বত্বীয় হাল সেটেলমেন্টের ৫৪ নং খতিয়ানের ২০৪৩ দুই হাজার তেতাল্লিশ দাগে বাস্তু .০৫৩ শতক জমি সায় তদুপরিস্থিত দ্বিতল ইমারত বাটী সায় পাকা পায়খানা বাথরুম ইলেকট্রী ফিটিংস সায় যাবতীয় সাজ পাট সরঞ্জাম আকর আওলাতাদি ও যাবতীয় চলাচলের ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র দলিলের বিষয়ীভূত সম্পত্তি হইতেছে। উক্ত সম্পত্তি সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটির ৭৩।৩ নং সাহাপুর মেন রোড প্রেমিসেস ভুক্ত হইতেছে। ইহার চৌহদ্দি -

উত্তর - ৪ ফুট প্রশস্থ কমন প্যাসেজ - দক্ষিণ - ৮' কমন প্যাসেজ -
পূর্ব্ব - অপরের সম্পত্তি - পশ্চিম - সাহাপুর মেন রোড -

১। শ্রী অরুন কুমার ঘোষ
২। নমিতারানী ঘোষ
৩। শ্রী নিমাই চন্দ্র ঘোষ

স্বাক্ষী

Suresh Chandra Guha
Advocate
Alipore

টাইপ কারক
[signature]
আলিপুর পুলিশ কোর্ট

শ্রী রবীন্দ্র চন্দ্র মণ্ডল
সাং ভবানীপুর কলিঃ - ৬

Book No. ......
Volume No ...... 73
Pages 130 to 135
Being No ...... 4152
For the Year 19 75

Jt. Sub-Registrar of
Alipore At Behala

Jt. Sub-Registrar of
Alipore At Behala
23.9.75